

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৪৪৬০

৩৪/ রক্তপণ (كتاب الديات)

পরিচ্ছেদঃ ৯. কাসামার দ্বারা কিসাস গ্রহণ না করা।

باب فِي تَرْكِ الْقَوْدِ بِالْقَسَامَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ يَحْيَى الْحَرَّانِيُّ، حَدَّثَنِي مُحَمَّدٌ، - يَعْنِي ابْنَ سَلَمَةَ - عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ بْنِ الْحَارِثِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ بُجَيْدٍ، قَالَ إِنَّ سَهْلًا وَاللَّهُ أَوْهَمَ الْحَدِيثِ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَتَبَ إِلَى يَهُودَ " أَنَّهُ قَدْ وَجِدَ بَيْنَ أَظْهُرِكُمْ قَتِيلٌ فَدُوهُ " . فَكَتَبُوا يَحْلِفُونَ بِاللَّهِ خَمْسِينَ يَمِينًا مَا قَتَلْنَاهُ وَلَا عَلِمْنَا قَاتِلًا . قَالَ فَوَدَاهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ عِنْدِهِ مِائَةَ نَاقَةٍ .

বাংলা

৪৪৬০. আবদুল আযীয ইবন ইয়াহইয়া (রহঃ) আবদুর রহমান ইবন বুজায়দ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আল্লাহর শপথ! সাহল এ হাদীছের মধ্যে সন্দেহ সৃষ্টি করেছেন। আসল ঘটনা এই যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইয়াহুদীদের নিকট এমর্মে পত্র প্রেরণ করেন যে, তোমাদের নিকট এক ব্যক্তিকে নিহত অবস্থায় পাওয়া গেছে, কাজেই তোমরা তার দিয়াত আদায় কর। তখন তারা এক জবাবে পঞ্চাশ বার কসম খেয়ে লেখে যে, আমরা তাকে হত্যা করিনি এবং তার হত্যাকারী কে, তা আমরা জানি না। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের পক্ষ হতে দিয়াতস্বরূপ নিহত ব্যক্তির উত্তরাধিকারীদের একশো উট প্রদান করেন।

English

Narrated 'Abd al-Rahman b. Bujaid:

I swear by Allah, Sahl had a misunderstanding about this tradition. The Messenger of Allah (ﷺ) wrote to the Jews: A slain man has been found amongst you, so pay his bloodwit. They wrote (to him): Swearing by Allah fifty oaths, we neither killed him nor do we know his slayer. He said: Then the Messenger of Allah (ﷺ) himself paid his bloodwit which consisted of one hundred she-camels.

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আব্দুর রহমান ইবন বুজায়দ

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=36566>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন